

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৭৫

আগরতলা, ২৭ ফেব্রুয়ারি, ২০২৪

অযোধ্যাগামী আস্থা স্পেশাল ট্রেনের সূচনা করলেন মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী প্রফেসর (ডাঃ) মানিক সাহা আজ সকালে আগরতলা রেল স্টেশন থেকে অযোধ্যাগামী আরও একটি আস্থা স্পেশাল ট্রেনের যাত্রার সূচনা করেন। এই উপলক্ষে আয়োজিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ভগবান রাম ভারতবর্ষের আস্থার প্রতীক। যশস্বী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত ২২ জানুয়ারি অযোধ্যার রামমন্দিরে ভগবান রামের প্রাণ প্রতিষ্ঠা করেন। যা সমগ্র দেশবাসী প্রত্যক্ষ করেছেন। বর্তমানে দেশ বিদেশের বহু পুন্যার্থী রামমন্দির দর্শন করছেন। আমাদের রাজ্য থেকেও ইতিমধ্যেই অনেক পুন্যার্থী রামমন্দির দর্শনে গিয়েছেন।

মুখ্যমন্ত্রী আরও বলেন, এই ট্রেনটি নিয়ে মোট ৩টি আস্থা ট্রেন অযোধ্যার উদ্দেশ্যে রওনা হয়েছে। মুখ্যমন্ত্রী সকল পুন্যার্থীদের যাত্রার শুভ কামনা করেন। সেইসঙ্গে পুন্যার্থীরা রাজ্যের মঙ্গল কামনায় ভগবান রামের আশীর্বাদ নিয়ে রাজ্য ফিরে আসবেন বলে তিনি আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে বিধায়ক কিশোর বর্মণ, বিধায়ক তফাজ্জল হোসেন, বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য এবং লামডিং ডিভিশনের ডিভিশন্যাল রেলওয়ে ম্যানেজার প্রেম রঞ্জন কুমার উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*